



তারিখ: ১১.০১.২০২১ খ্রি.

ছাত্র ভর্তি নির্দেশিকা

২০২১ শিক্ষাবর্ষে লটারীতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী প্রথম নির্বাচিত শিক্ষার্থীদের সাক্ষাৎকার, ভর্তি ফরম বিতরণ ও ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থীদের বেতন ও অন্যান্য পাওনাদি বর্ণিত কক্ষে তারিখ ও সময় অনুযায়ী স্ব-স্ব শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে হবে।

শ্রেণি	শিফট/শাখা	অবস্থান ও কক্ষ নং	ভবন	কোটায় নির্বাচিত ছাত্রদের সাক্ষাৎকার, ভর্তি ফরম বিতরণ ও জন্মের তারিখ ও সময়	নির্বাচিত ছাত্রদের সাক্ষাৎকার ও ভর্তি ফরম বিতরণ এবং জন্মের তারিখ ও সময়	ভর্তির টাকা জন্মের তারিখ ও সময়
১ম শ্রেণি	ফিডার শাখা	H-১০৫	ভবন-২	১২.০১.২০২১ ও ১৩.০১.২০২১ মঙ্গলবার ও বুধবার (সকাল: ১০.০০টা থেকে ১২.০০টা) (প্রভাতি ও ফিডার শাখা)	১৪.০১.২০২১ ও ১৬.০১.২০২১ বৃহস্পতিবার ও শনিবার (সকাল: ১০.০০টা থেকে ১২.০০টা) (প্রভাতি ও ফিডার শাখা)	১৮.০১.২০২১ ও ১৯.০১.২০২১ সোমবার ও মঙ্গলবার (সকাল ১০.০০ টা থেকে ১২.০০ টা)
২য় শ্রেণি		H-২০৬				
৩য় শ্রেণি		H-২০৪				
৪র্থ শ্রেণি		H-৩০৬				
৫ম শ্রেণি		H-৩০২				
১ম শ্রেণি	সরকারি (প্রভাতি) শাখা	মিলনায়তন	প্রধান ভবন	১২.০১.২০২১ ও ১৩.০১.২০২১ মঙ্গলবার ও বুধবার (সকাল: ১০.০০টা থেকে ১২.০০টা) (প্রভাতি ও ফিডার শাখা)	১৪.০১.২০২১ ও ১৬.০১.২০২১ বৃহস্পতিবার ও শনিবার (সকাল: ১০.০০টা থেকে ১২.০০টা) (প্রভাতি ও ফিডার শাখা)	১৮.০১.২০২১ ও ১৯.০১.২০২১ সোমবার ও মঙ্গলবার (সকাল ১০.০০ টা থেকে ১২.০০ টা)
৬ষ্ঠ শ্রেণি	প্রভাতি শাখা	৩০৪ (৩য় তলা)				
৬ষ্ঠ শ্রেণি	দিবা শাখা	২১০ (২য় তলা)	প্রধান ভবন	১২.০১.২০২১ ও ১৩.০১.২০২১ মঙ্গলবার ও বুধবার (দুপুর: ১২.৩০টা থেকে ২.৩০টা)	-	১৮.০১.২০২১ ও ১৯.০১.২০২১ সোমবার ও মঙ্গলবার (দুপুর: ১২.৩০টা থেকে ২.৩০টা)

ফরম গ্রহণের সময় নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করতে হবে;

- ভর্তিচ্ছু শিক্ষার্থীকে অবশ্যই মাস্ক পরে স্বাস্থ্যবিধি মেনে স্ব-শরীরে হাজির হতে হবে।
- ভর্তি ফরম নেয়ার সময় শিক্ষার্থীর মূল প্রবেশপত্র/আবেদনের কপি ও জন্ম সনদ মূল কপি ও একটি সত্যায়িত ফটোকপি আনতে হবে।
- ভর্তি ফরম জমা দেওয়ার সময় শিক্ষার্থীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি, ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র, জন্ম সনদ ও পূর্ববর্তী বিদ্যালয়ের মূল ছাড়পত্র (প্রথম শ্রেণি ব্যতিত) জমা দিতে হবে।
- ভর্তিচ্ছু শিক্ষার্থীর পিতা ও মাতার এসএসসি পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) আনতে হবে।
- ভর্তিচ্ছু শিক্ষার্থীর পিতামাতার জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও এক কপি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

বিভিন্ন কোটায় নির্বাচিতদের জন্য উপরোক্ত নির্দেশনা ছাড়াও নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- ক্যাচমেন্ট এরিয়ার ক্ষেত্রে: বিদ্যুৎ বিলের রশিদ/সরকারি বাসার বসবাসকারীদের জন্য এলোটি প্রমাণপত্র ও ইউটিলিটি সার্ভিসের প্রমাণপত্র/ভাড়ার রশিদ/বাড়ীওয়ালার প্রত্যয়নপত্র/ ভাড়ার চুক্তিপত্রের মূল কপি ও সত্যায়িত ফটোকপি আনতে হবে।
 - মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: ক) মুক্তিযোদ্ধার মূল সনদ, খ) গেজেটের কপি গ) লাল মুক্তি বার্তা (ঘ) আবেদনকারী ছাত্রের জন্ম সনদ ঙ) মুক্তিযোদ্ধার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ মেয়র সিটি কর্পোরেশন/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
 - আবেদনকারী যে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি/নাতনী) এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এবং ক-চ পর্যন্ত কাগজের ১ সেট সত্যায়িত ফটোকপি অফিসে জমা দিতে হবে।
 - শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের ক্ষেত্রে: স্ব-স্ব অফিস/বিদ্যালয় প্রধানের প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে এবং উল্লেখিত কাগজের ১ সেট সত্যায়িত ফটোকপি অফিসে জমা দিতে হবে।
 - প্রতিবন্ধি কোটার ক্ষেত্রে: সমাজ সেবা অধিদপ্তরের মূল সনদপত্র ও সত্যায়িত ফটোকপি আনতে হবে।
- ** প্রথম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীর বয়স অবশ্যই ৬+ বছর হতে হবে। সে অনুযায়ী/বিধি মোতাবেক অন্যান্য শ্রেণিতে শিক্ষার্থীর বয়স নির্ধারিত হবে।
- ** উল্লেখিত কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বিদ্র: ১৯.০১.২০২১ তারিখ পর্যন্ত ভর্তি সম্পন্ন হওয়ার পর শূন্য আসনের বিপরীতে অপেক্ষমান তালিকা হতে প্রয়োজনে দ্বিতীয় নির্বাচিত তালিকা ২১.০১.২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় প্রকাশ করা হবে।

(সাবিনা ইয়াসমিন)
প্রধান শিক্ষক

ধানমণ্ডি গভ: বয়েজ হাই স্কুল, ঢাকা।